দৈনিক ইত্তেফাক

তারিখ: 30 OCT 2016
পৃষ্ঠা: ৪ কলাম: ৬

# চট্টগ্রাম কলেজিয়েটের ১৮০ বছর পূর্তিতে ৩ দিনের বর্ণাঢ্য উৎসব

**চট্টগ্রাম অফিস**

চট্টগ্রামের ইতিহাস ও ঐতিহ্যবাহী কলেজিয়েট স্কুলের ১৮০ বছর পূর্তি উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামী ২৩ থেকে ২৫ ডিসেম্বর পর্যন্ত তিন দিনব্যাপী '১৮০ বছর পূর্তি ও পুনর্মিলনী উৎসব' স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। এতে স্কুলের কয়েক হাজার প্রাক্তন শিক্ষার্থী অংশগ্রহণ করবেন। উৎসবে অংশ নিতে আগ্রহীদের আগামী ৭ নভেম্বর থেকে ১৫ ডিসেম্বরের মধ্যে নিবন্ধন করতে হবে।

এ উপলক্ষে চট্টগ্রাম কলেজিয়েট স্কুল প্রাক্তন ছাত্র সমিতির উদ্যোগে গতকাল শনিবার চট্টগ্রাম প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে ১৮০ বছর পূর্তি ও পুনর্মিলন উদ্যাপন পরিষদের আহ্বায়ক আমীর হুমায়ুন মাহমুদ চৌধুরী বলেন, ইতিহাস আর ঐতিহ্যের, সাফল্য আর গৌরবের, সৃষ্টি আর স্বপ্নের এক অনুপম নাম চট্টগ্রাম কলেজিয়েট স্কুল। আমাদের কৈশোরের আনন্দ-বেদনার অপূর্ব স্মৃতিকে ধারণ করে আছে এই লাল ইটের দালান। সুদীর্ঘ সময়ের আলোকবর্তিকা হয়ে স্বপ্নযাত্রীদের মাঝে স্বপ্নের বীজ বপন করে চলেছে এ প্রতিষ্ঠান। গত ৪০ বছরের ইতিহাসে এ স্কুলের শিক্ষার্থীরা প্রতিবারই মাধ্যমিক পরীক্ষায় অসামান্য কৃতিত্বের স্বাক্ষর রেখেই চলেছে।

তিনি বলেন, কবি নবীনচন্দ্র সেন, নিখিল ভারত কংগ্রেসের সভাপতি ও কলকাতা সিটি করপোরেশনের মেয়র দেশপ্রিয় যতীন্দ্র মোহন সেন ও বিজ্ঞানী আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীনের মতো বরেণ্য ব্যক্তিরা চট্টগ্রাম কলেজিয়েট স্কুলের ছাত্র ছিলেন। এছাড়া বিজ্ঞানী ড. জামাল নজরুল ইসলাম, সাহিত্যিক হুমায়ুন আহমেদ, বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক মুস্তাফা নূরউল ইসলাম, অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল, অভিনেতা আতাউর রহমান ও আবুল হায়াতের মতো ব্যক্তিরা এ প্রতিষ্ঠানে লেখাপড়া করেছেন।

গৃহীত কর্মসূচির মধ্যে রয়েছে- ২৩ ডিসেম্বর বিদ্যালয়ের সাবেক ও বর্তমান শিক্ষার্থীদের অংশগ্রহণে শোভাযাত্রা। একই দিন বিদ্যালয়ের বর্তমান ছাত্রদের মাঝে পুরস্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজের আয়োজন। পরের দিন ২৪ ডিসেম্বর সকালে উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধনের পর স্মৃতিচারণ-আড্ডা আর সংবর্ধনার আয়োজন করা হয়েছে। বিকালে থাকছে আলোচনা, স্মারকগ্রন্থ উন্মোচন, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ। শেষ দিন ২৫ ডিসেম্বর আয়োজনে থাকছে স্মৃতিচারণ, আলোচনা, র‍্যাফেল ড্র, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ।

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দৈনিক আজাদী সম্পাদক ও চট্টগ্রাম কলেজিয়েটস-এর সভাপতি এম এ মালেক, চট্টগ্রাম কলেজিয়েটস-এর সহ-সভাপতি অধ্যাপক সেলিম জাহাঙ্গীর, নূরুল আমিন খান, সদস্য সচিব মোস্তাক হোসাইন, যুগ্ম সাধারণ সম্পাদক আ ন ম ওয়াহিদ দুলাল ও কামরুল ইসলাম ও দপ্তর সম্পাদক আবুল হাসনাত মো. বেলাল প্রমুখ।